



প্রযুক্তির সাথে তারকা : ইলিয়াস হোসাইন

রেজাউর রহমান রিজভী



বর্তমান সময়ের জনপ্রিয় সংগীতশিল্পী ইলিয়াস হোসাইন। ২০১২ সালে তার প্রথম একক অ্যালবাম 'না বলা কথা' প্রকাশের মাধ্যমে সংগীতঙ্গনে আলোচনায় আসেন ইলিয়াস। এরপর এক পলকে, আমার ভেতর তুমি থাকো, নির্করা প্রহরের মতো গানগুলো প্রকাশ করেন তিনি। এরপরের বছরই প্রকাশ করেন তার দ্বিতীয় একক অ্যালবাম 'না বলা কথা-২'। চলতি বছরের ঈদুল ফিতরে মুক্তি পায় তার তৃতীয় একক অ্যালবাম 'না বলা কথা-৩'। প্রথম অ্যালবাম গুলোর ধারাবাহিকতায় ইলিয়াসের

দ্বিতীয় ও তৃতীয় অ্যালবামের গানগুলোও বেশ শ্রোতাপ্রিয়তা পায়। শুধু অডিওই নয়, বেশ কিছু গানের ভিডিও তিনি প্রকাশ করেছেন। ইউটিউবে সেই ভিডিওগুলোর সবই ভিউয়ার্স অনেক বেশি। ইউটিউব প্রসঙ্গে ইলিয়াস বলেন, 'ইউটিউব কর্তৃপক্ষ আমার নামে ইউটিউবে একটি চ্যানেল তৈরি করেছে। আমার গাওয়া সব গান 'পপুলার ইলিয়াস' নামে ওই চ্যানেলটিতে পাবেন ভক্তরা।' ইলিয়াসের নিজের ফেসবুকে ফলোয়ার সংখ্যা প্রায় লাখের কাছাকাছি হলেও তার ভেরিফায়েড ফেসবুক লাইক পেজে এই সংখ্যা ৫ লাখের ওপরে। ভক্তরা যাতে সহজেই ইলিয়াসের সব আপডেট গুয়েবসাইট থেকে পেতে পারেন, সেজন্য ইলিয়াস নিজের নামে একটি ডোমেইন নিয়েছেন। বর্তমানে এর হোস্টিংয়ের কাজ চলছে। টুইটার, গুগল প্লাস ও ইনস্টাগ্রামেও ইলিয়াসের অ্যাকাউন্ট আছে। এছাড়া শিগগিরই তিনি সংযুক্ত হবেন ভাইবার পাবলিক চ্যাটে। আগামীতে ইউটিউবে নিজের ভেভা চ্যানেল এবং মোবাইলে অ্যাপস লঞ্চ করার পরিকল্পনার কথাও জানিয়েছেন ইলিয়াস হোসাইন ■

ফেসবুক : <https://www.facebook.com/eleyas.hossain>

ফেসবুক লাইক পেজ : <https://www.facebook.com/Official.Eleyas/>

ইউটিউব : youtube.com/channel/UCtyUDYwveGjT6pWHf_bypBw

টুইটার : <https://twitter.com/eleyasofficial>

গুগল প্লাস : <https://plus.google.com/+EleyasHossainbd/about>

গুয়েবসাইট : www.eleyasbd.com

ইনস্টাগ্রাম : www.instagram.com/eleyashossain